

সোনারগাঁ

সেমিনার

‘তুমি নিরাপদ তো প্রজন্ম নিরাপদ’ শ্লোগানে গতকাল নারায়ণগঞ্জের সোনারগাঁ জিআর ইনস্টিটিউশন মডেল স্কুল অ্যান্ড কলেজের ছাত্রীদের নিয়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এ সময় তাদের মধ্যে স্যানিটারি ন্যাপকিন বিতরণ করেছে একটি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা। বাসমাহ ফাউন্ডেশন নামে ওই সংস্থার উদ্যোগে সেমিনারে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রকিবুর রহমান খান। সোনারগাঁ জিআর ইনস্টিটিউশন মডেল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ সুলতান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মাহমুদা আক্তার, উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা নাজমা আক্তার, বাসমাহ ফাউন্ডেশনের মহাসচিব তুহিন মাহমুদ।

প্রতিনিধি, সোনারগাঁ, নারায়ণগঞ্জ